একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত

# বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)

পল্লী ভবন (৬ষ্ঠ তলা)

৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫

www.iresppw-brdb.gov.bd

স্মারক নংঃ ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৭৭৬.১৪-৩৯০৩ তারিখঃ ২১/০৯/২০১৬ খ্রিঃ

## অফিস আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন "দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (সংশোধিত)" প্রকল্পটির নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনসহ সার্বিক কার্যক্রম গতিশীল এবং স্বচ্ছতা নিশ্চিত করার নিমিত্ত প্রকল্পের সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তাগণ নিয়মিতভাবে প্রতি সপ্তাহে ৩ জন মাঠসংগঠকদের দায়িত্বপ্রাপ্ত সমিতি হতে দৈবচয়ন ভিত্তিতে সমিতি নির্বাচন করে প্রত্যেক মাঠসংগঠকের ১ টি সমিতি করে সপ্তাহে মোট তিনটি এবং প্রতি মাসে ন্যূনতম ১০(দশ) টি সমিতি পরিদর্শন করতঃ WCS এর সাথে সমিতির সদস্যদের পাশবহি ও ক্যাশ বহি/কর্জ খতিয়ান মিলকরন করতে হবে। একইভাবে, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা কর্তৃক প্রতি মাসে প্রত্যেক মাঠসংগঠকের ১ টি করে সর্বমোট ন্যূনতম ৩টি সমিতি পরিদর্শন পূর্বক প্রতিবেদন প্রেরণ করতে হবে।

০২। প্রকল্পের সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তাগণ সমিতি পরিদর্শন পূর্বক প্রতিবেদন উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা কর্তৃক প্রত্যয়ন করে প্রতি মাসের ২৫ তারিখের মধ্যে সদর কার্যালয়ে ই-মেইল/ডাকযোগে প্রেরণ নিশ্চিত করতে হবে। ব্যর্থতায়, সংশ্লিষ্ট সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তার সংশ্লিষ্ট মাসের বেতন-ভাতা স্থগিত থাকবে। যে সকল সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তাগণ নিয়মিত নির্দেশনা মোতাবেক পরিদর্শন এবং পরিদর্শন প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্প দপ্তরে প্রেরণ করবেন শুধুমাত্র তাদের মাসিক বেতন-ভাতা পরিশোদের জন্য প্রকল্পের ওয়েবসাইটে প্রতি মাসের ৩০ তারিখের মধ্যে তালিকা প্রকাশ করা হবে। প্রকাশিত তালিকার বাহিরে কোন কর্মকর্তার বেতন-ভাতা পরিশোধ করা যাবে না। প্রতিবেদন প্রেরণের জন্য নিম্নবর্ণিত ছক অনুসরন করতে হবেঃ

| ক্রঃ নঃ | সমিতির নাম ও পরিদর্শনের তারিখ | WCS- অনুযায়ী টাকার পরিমান | | সদস্যদের পাশ বহি অনুযায়ী টাকার পরিমান | | ক্যাশ বহি/ কর্জ খতিয়ান অনুযায়ী টাকার পরিমান | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | ঋণ | সঞ্চয় | ঋণ | সঞ্চয় | ঋণ | সঞ্চয় | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |

০২। অক্টোবর/২০১৬ থেকে মাসিক বেতন-ভাতা পরিশোধের ক্ষেত্রে উক্ত আদেশ প্রতিপালন করতে হবে। ওয়েবসাইটে প্রকাশিত তালিকার বাহিরে কোন কর্মকর্তাকে বেতন-ভাতা প্রদান করা হলে সংশ্লিষ্ট উপজেলার আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসেবে উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।

০৩। প্রকল্পের স্বার্থে এ আদেশ জারী করা হলো।

স্বাক্ষরিত
২৪/০৯/২০১৬
প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক
ইরেসপো, বিআরডিবি, ঢাকা
ফোন-৮১৮০১৪৪

স্মারক নংঃ ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৭৭৬.১৪-৩৯০৩ তারিখঃ ২১/০৯/২০১৬ খ্রিঃ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

১. উপপরিচালক, বিআরডিবি,জেলাঃ -------------------------। (বর্ণিত আদেশ যথাযথ প্রতিপালনের কার্যকরী ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)
২. উপ প্রকল্প পরিচালক(অর্থ, হিসাব ও উন্নয়ন), ইরেসপো ,বিআরডিবি, ঢাকা।
৩. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলাঃ---------------------- জেলাঃ ----------------------।
৪. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৫. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা(সকল), ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ------------------ জেলাঃ -------------------।
৬. হিসাব সহকারি (সকল), ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ-------------------- জেলাঃ ------------------।
৭. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
৮. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৯. অফিস কপি/ব্যক্তিগত নথি/গার্ড ফাইল।

২৪/০৯/২০১৬
আরিফুল হক
উপপ্রকল্প পরিচালক (প্রশাসন)
ইরেসপো, বিআরডিবি, ঢাকা

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd

স্মারক নংঃ ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৭৭৬.১৪- ৬৮৭৭ তারিখঃ ২৮/০৭/২০১৬ খ্রিঃ।

## অফিস আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বস্তবায়নাধীন "দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা" (সংশোধিত) প্রকল্পের আওতায় বিভিন্ন উপজেলায় বিতরণকৃত ঋণের অধিকাংশ ক্ষেত্রে কিস্তি খেলাপী এবং কিছু কিছু ক্ষেত্রে মেয়াদোর্ত্তীণ খেলাপী হচ্ছে। উপজেলা পর্যায়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের দায়িত্ব অবহেলা/যথাযথ তদারকীর অভাবে খেলাপীর পরিমাণ উত্তর উত্তর বৃদ্ধি পাচ্ছে। কিস্তি ও মেয়াদোর্ত্তীণ খেলাপী রোধ করার লক্ষ্যে প্রতি সাপ্তাহের শনিবার বাধ্যতামূলকভাবে স্ব-স্ব উপজেলার সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো এর নেতৃত্বে সকল মাঠ সংগঠক ও হিসাব সহকারী যৌথভাবে কিস্তি ও মেয়াদোর্ত্তীণ খেলাপী সমিতিতে সরেজমিনে উপস্থিত হয়ে উঠান বৈঠকসহ খেলাপী ঋণ আদায়ে বিশেষ অভিযান পরিচালনা করতে হবে।

২। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাগণ খেলাপী ঋণ আদায়ের লক্ষ্যে পরিচালিত বিশেষ অভিযানের সার্বিক তদারকী করবেন এবং নিয়মিতভাবে প্রতি সপ্তাহের শনিবার বিশেষ অভিযানটি পরিচালিত হচ্ছে মর্মে নিশ্চিত করবেন এবং যুক্তিসংঙ্গত কারন ব্যতিত খেলাপী ঋণ আদায়ে পরিচালিত বিশেষ অভিযানে অনুপস্থিত কর্মকর্তা/কর্মচারীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহনের জন্য প্রকল্প দপ্তরকে অবহিত করতে হবে।

৩। প্রকল্পের স্বার্থে এ আদেশ জারী করা হলো। ইহা অবিলম্বে কার্যকর হবে।

২৮/০৭/১৬
প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক (ইরেসপো)
বিআরডিবি, ঢাকা।
ফোন নং-০২-৮১৮০১৪৩

অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ-

১. উপপরিচালক, বিআরডিবি, জেলা ঃ--------------- (বিষয়টি তদারকীর অনুরোধসহ)।
২. প্রোগ্রামার, ইরেসপো, ঢাকা (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
৩. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, --------------- উপজেলা, --------------- জেলা।
৪. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (সকল), ইরেসপো, বিআরডিবি, ----------------উপজেলা, ----------------জেলা।
৫. কৃষি প্রশিক্ষণ সমন্বয়ক (সকল), ইরেসপো, বিআরডিবি, জেলা ----------------।
৬. হিসাব সহকারী (সকল), ইরেসপো, বিআরডিবি, ----------------উপজেলা, ----------------জেলা।
৭. মাঠ সংগঠক (সকল), ইরেসপো, বিআরডিবি, ----------------উপজেলা, ----------------জেলা।

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

১. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
২. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৩. অফিস কপি/সংশ্লিষ্ট নথি/গার্ড ফাইল।